# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৬৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. তৃতীয় অনুচ্ছেদ - জুমু‘আর সালাত

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قِيلَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لِأَيِّ شَيْءٍ سُمِّيَ يَوْمَ الْجُمُعَةِ؟ قَالَ: «لِأَنَّ فِيهَا طُبِعَتْ طِينَةُ أَبِيكَ آدَمَ وَفِيهَا الصَّعْقَةُ وَالْبَعْثَةُ وَفِيهَا الْبَطْشَةُ وَفِي آخِرِ ثَلَاثِ سَاعَاتٍ مِنْهَا سَاعَةٌ مَنْ دَعَا الله فِيهَا اسْتُجِيبَ لَهُ» . رَوَاهُ أَحْمد

### বাংলা

১৩৬৫-[১২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হলোঃ ’’জুমু’আর দিন’’ জুমু’আহ্ নাম কি কারণে রাখা হলো? তিনি বললেন, যেহেতু এ দিনে (১) তোমাদের পিতা আদমের মাটি একত্র করে খামির করা হয়েছে। (২) এ দিনে প্রথম শিঙ্গায় ফুঁক দেয়া হবে। (৩) এ দিনে দ্বিতীয় বার শিঙ্গায় ফুঁক দেয়া হবে। (৪) এ দিনেই কঠিন পাকড়াও হবে। তাছাড়া (৫) এ দিনের শেষ তিন প্রহরে এমন একটি সময় আছে যে কেউ আল্লাহ তা’আলার কাছে দু’আ করলে তা কবূল করা হয়। (আহমাদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ৮১০২, য‘ঈফ আত্ তারগীব ৪৩০। কারণ এর সানাদে ফারাজ ইবনু ফুযালাহ্ দুর্বল রাবী এবং ‘আলী ইবনু আবী ত্বলহাহ্ আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর সাক্ষাৎ লাভ করেননি। ফলে হাদীসটি মুনক্বতি‘ও বটে।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَفِيْهَا الصَّعْقَةُ) প্রথম চিৎকার বা আওয়াজ যাতে দুনিয়াবাসী সবাই মৃত্যুবরণ করবে। (وَالْبَطْشَةُ) এখানে بَا-তে যের ও যাবার উভয় পন্থায় পড়া যায়, এর দ্বারা উদ্দেশ্য হলো দ্বিতীয় ফুঁৎকার যাতে সমস্ত মৃত দেহ জীবিত হবে।

(وَفِيْهَا الْبَطْشَةُ) অর্থাৎ ক্বিয়ামাত (কিয়ামত) দিবসের শক্ত পাকড়াও। এর দ্বারা উদ্দেশ্য হলো মৃত্যুর পর পূর্ণ জীবন ও হাশ্রের (হাশরের) পরের পাকড়াও। আল্লামা ক্বারী (রহঃ) বলেনঃ সম্ভবত এ কথায় তার সমাধা হতে

পারে যে, সেটার শেষে একটি সময় (فى اخرها ساعة) এ কথাটি তার পূর্ববর্তী দু’টি সময়ের প্রতি যত্নবান হওয়ার প্রতি ইঙ্গিত করছে, তার নিকটবর্তী হওয়ার কারণে এবং এটার উপর আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীসটি রয়েছে, যা এ বিষয়ে প্রমাণিত হাদীসগুলোর সমর্থক তা হলো (بأنها آخر ساعة بعد العصر) নিশ্চয় সেটার সর্বশেষ সময় হলো ‘আসরের পর।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55925

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন